

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
২১/এ, ক্ষিতিশ রায় রোড, কাঁচিঝুলি (জেল রোড), ময়মনসিংহ।
ই-মেইলঃ dncmymensinghdivision@gmail.com
ওয়েব সাইটঃ www.dnc.mymensinghdiv.gov.bd

নং-৫৮.০২.৪৫০০.০৬০.০৫.০২৭.১৯(অংশ-৪)-৬৬২

তারিখঃ ০৮/১০/২০২৪ খ্রিঃ

অফিস আদেশ

আগামী ০৯-১৩ অক্টোবর, ২০২৪ খ্রি. দেশব্যাপী শারদীয় দুর্গাপূজা উদযাপিত হতে যাচ্ছে। শারদীয় দুর্গাপূজা-২০২৪ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ জানানো হলো।

ক). শারদীয় দুর্গাপূজা-২০২৪ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে স্ব স্ব অধিক্ষেত্রে মাদকবিরোধী অভিযান/বিশেষ টহল অভিযান জোরদার করতে হবে। উক্ত অনুষ্ঠানকে কেন্দ্র করে মাদক ব্যবসায়ীরা যাতে কোন অপতৎপরতা চালাতে না পারে সেদিকে সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

খ). অধিদপ্তরের লাইসেন্সপ্রাপ্ত সকল রেস্তোরা/হোটেল/ ক্লাব-বার এ যাতে নিরাপত্তাজনিত কোন বিঘ্ন সৃষ্টি না হয় সেলক্ষ্যে বাড়তি নজরদারি বৃদ্ধি করতে হবে। কোন অবস্থায় যেন, বারসমূহ থেকে পার্সেল সার্ভিস না দেয়া হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

গ). পারমিটধারী মদ্যপায়ী (দেশী/বিদেশী) ব্যতীত অন্য কোন গ্রাহক যাতে মদ্য জাতীয় পানীয় ক্রয়/সেবন করতে না পারেন তা নিশ্চিত করতে হবে।

ঘ). স্ব স্ব আলামতখানার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

ঙ). অনুমোদিত সময়ের পরে দেশী মদের/বিদেশী মদের দোকানগুলো যাতে কোন অবস্থায় খোলা না থাকে এবং কোন প্রকার অসামাজিক কার্যকলাপ না ঘটে সে বিষয়ে নজরদারি বৃদ্ধি করতে হবে।

০২। শারদীয় দুর্গাপূজা-২০২৪ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী অভিযান জোরদারকরণ ও অধিকরত সতর্কতা অবলম্বন সংক্রান্তে অপারেশনস অধিশাখার ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৫৮.০২.০০০০.০০৯.১৪.০২৪.২২-১৫৪ সংখ্যক পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

০৩। অনেক সময় অবৈধ মাদকব্যবসায়ীরা চোলাইমদের নামে মিথাইল এ্যালকোহল (মিথানল) পরিবেশন করে থাকে সে বিষয়ে বিশেষ নজরদারী রাখতে হবে। তাছাড়া অবৈধভাবে চোলাইমদ তৈরী করে যেন কোন অবস্থায় বাজারজাত করে মানুষের জীবন হানির মত ঘটনা না ঘটে সে বিষয়ে কঠোর নজরদারী রাখতে হবে।

০৪। ময়মনসিংহ জেলা কার্যালয়সহ সকল জেলা কার্যালয়ে কর্মরত জনবলকে এক বা একাধিক টিমে ভাগ করে মাদকবিরোধী অভিযান। বিশেষ টহল অভিযান পরিচালনা করতে হবে। এ বিষয়ে স্ব স্ব কার্যালয় কর্তৃক টিম গঠনপূর্বক টিম গঠনের কপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে। যে কোন প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

উপপরিচালক/সহকারী পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।

(মোঃ জাফরুল্লাহ কাজল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন/অপারেশন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।